

প্রাথমিকে শিক্ষক নিয়োগ পরীক্ষা হতে পারে ১০ মে

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগের পরীক্ষা আগামী ১০ মে থেকে পর্যায়ক্রমে শুরু হতে পারে বলে জানিয়েছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। তবে এই তারিখ বদলে যেতে পারে বলেও জানায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সূত্র জানায়, এই নিয়োগ পরীক্ষায় ১৩ হাজার পদের বিপরীতে আবেদন জমা পড়েছে ২৪ লাখের বেশি।

প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের অতিরিক্ত মহাপরিচালক মোঃ আব্দুল মান্নান আজ সন্ধ্যায় প্রথম আলোকে বলেন, পরীক্ষার তারিখ ১০ মে ধরে কাজ করা হচ্ছে। তবে এটি বদলও হতে পারে। অনেক প্রার্থী তাই পর্যায়ক্রমে শুরু হবে পরীক্ষা।

প্রাথমিকের শিক্ষক নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ হওয়ার পর গত বছরের ১ আগস্ট থেকে ৩০ আগস্ট পর্যন্ত অনলাইনে ২৪ লাখের বেশি আবেদন জমা পড়েছে।

নিয়োগ পরীক্ষার প্রশ্ন করা হবে ডিজিটাল পদ্ধতিতে। এতে লিখিত ও মৌখিক পরীক্ষা নেওয়া হবে।